৩১২

দৈনিক সংবাদ

তারিখ ... AUG 17 1999
পৃষ্ঠা ৪২ ... কলাম ৫ ......

# রা.বি. ছাত্রদল কর্মীরা হলে ফিরতে পারেনি

রাজশাহী থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কয়েকটি আবাসিক হল থেকে গত বুধবার বিতাড়িত ছাত্রদল নেতা-কর্মীরা, এখনও ডঃ শামসুজ্জোহা হলে ফিরতে পারেনি। ছাত্রদল সোমবার এক বিবৃতিতে এই অভিযোগ করে বলেছে, ছাত্র শিবির ছাত্রদল নেতা-কর্মীদের ভয় ও হুমকি দেখাচ্ছে।

ছাত্রদল রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার ঐ বিবৃতিতে বলা হয়, গত ১১ই আগস্ট রাতে ছাত্র শিবিরের হামলার ঘটনা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবহিত করা হলেও শিবির সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেনি।

ক্যাম্পাসের সাধারণ ছাত্রছাত্রীরা জানায়, ছাত্র শিবিরের ক্যাডাররা জোহা হলসহ কয়েকটি হলে অবস্থান করছে। পুলিশ বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকার ছাত্রাবাসগুলোতে তল্লাশি চালালেও হলগুলোতে তল্লাশি চালায়নি বলে ছাত্ররা জানায়। তাছাড়া ক্যাম্পাসে ছাত্র শিবিরের অবস্থান আরও সংহত করা হয়েছে বলে জানা গেছে।